দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28-DEC 1990
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 8 ...

89

## ভার্সিটি শিক্ষকদের সংসদ নির্বাচনে অংশগ্রহণের সুযোগদানের দাবী

রাজশাহী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, এই বিশ্ববিদ্যালয়ের ৯১ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণকে জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের সুযোগদানের দাবী জানাইয়াছেন। বিবৃতিতে তাহারা উল্লেখ করেন, '৭২ সালের বিশ্ববিদ্যালয় এ্যাক্ট অনুসারে শিক্ষকগণের দলমত সমর্থনের সুযোগ

( ৪র্থ পৃঃ দ্রঃ )

## ভার্সিটি শিক্ষকদের

(৩য় পৃঃ পর)

থাকিলেও কেবল পদত্যাগ করিয়াই সংসদ নির্বাচনে অংশগ্রহণ করিবার বিধান রহিয়াছে। যে পটভূমিতে এ্যাক্টের এই ধারাটি রচিত হইয়াছিল, সেই সামাজিক ও রাজনৈতিক প্রেক্ষিত পরিবর্তিত হইয়াছে। তাই গণতন্ত্রের সুষ্ঠু বিকাশের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণের জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের অবাধ সুযোগ থাকা উচিত বলিয়া বিবৃতিতে উল্লেখ করা হয়। প্রফেসর আবদুল হামিদ, এফ আর খান, ইউসুফ আলী, আমিনুল হক বেগ, আবুল ফজল হক, আবদুর রহমান সিদ্দিকী প্রমুখ বিবৃতিতে স্বাক্ষর করিয়াছেন।